The Daily Star
MONDAY, 08 AUGUST 2022

# Fuel price hike to have domino effect on economy: DCCI

STAR BUSINESS REPORT

The increase in gas tariff in June and the fuel price hike on Saturday will have an immediate negative impact on transportation, essential commodities and electricity, said the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) yesterday.

"This price hike of fuel, in addition to the recent price hike of natural gas, will have a domino effect on the entire economy."

On Saturday, the government raised the price of diesel and kerosene by 42.5 per cent and petrol and octane by 51.1 per cent and 51.7 per cent respectively, in order to help state-run Bangladesh Petroleum Corporation, the lone importer, refiner and supplier of petroleum products in the country, cut losses.

In June, the government hiked the gas price by 22.8 per cent.

"The cumulative impact of the price hike of fuel will cause inflationary pressure on the economy by raising the operating cost of all energy-dependent businesses and industries," the chamber warned.

Diesel is the most-consumed fuel in Bangladesh, accounting for 73 per cent of the country's total petroleum oil consumption. More than 90 per cent of the transportation sector is dependent on diesel.

Additionally, vehicles that are powered by octane and petrol will also have to bear an increased cost, said the chamber in a press release.

"This will also push up the domestic freight costs and eventually will lead to higher prices of essentials across the country."

The government increased the price of all fuels despite the gradual fall in global energy prices in recent times, according to the DCCI.

On Thursday, oil prices dropped to their lowest levels since Russia's invasion of Ukraine in February this year as the possibility of an economic recession globally is growing.

Benchmark Brent crude futures settled down 2.75 per cent at $94.12, the lowest close since February 18, reported Reuters.

Another major impact, said the chamber, will be on the production cost of agricultural products as diesel is widely used for irrigation purposes.

"Recurring fuel and fertilizer price hikes will directly impact the production cost of agricultural products and gradually hamper food security and inflict further misery on the public."

Manufacturing industries are already suffering due to electricity rationing as higher diesel and liquefied natural gas prices have forced the government to suspend the operations of diesel-run power plants temporarily.

The country has been experiencing up to two-hour power outages since July 19 as the government announced the load-shedding as part of its measures to save foreign currencies, whose reserves have fallen below $40 billion for a record high in import bills.

The DCCI recommended austerity in consumption and reduction in the fuel price as soon as it comes down in the international market considering its negative impact on the economy.

It called for ensuring a long-term energy security, drawing up a long-term strategy and continuing onshore, offshore gas exploration, energy-mix and cost- and energy-efficient electricity generation.

"Moreover, austerity in consumption should be strictly followed," it said.

FE The Financial Express
MONDAY, 08 AUGUST 2022

# DCCI pushes for adjusting fuel prices

FE REPORT

A trade body urges the government to cut fuel prices once the trends come down in the international market for the greater good of the national economy.

The recent hike in fuel oil prices will have an immediate impact on transportation and essential commodities, it says.

"The cumulative impact of fuel price hike will put an inflationary pressure on the economy by raising operating costs of all energy-dependent businesses and industries."

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) said in its reactions on the hike of fuel oils prices in a statement issued on Sunday.

Fuel tariff hike comes at a time when Bangladesh has just started to enter into an economic revival phase after a period of economic stagnation due to Covid-19.

Additionally, vehicles powered by octane and petrol will also bear the brunt of these increased costs.

The hike in fuel oil prices will also spike domestic freight costs and eventually lead to the cost of necessities across the country, reads a statement.

The DCCI observes that another major impact will be on the agri-production costs as diesel is widely used for irrigation purpose.

Recurring fuel and fertiliser price rises will also hamper food security and cause further public misery.

Manufacturing industries already suffer due to electricity rationing as diesel and LNG prices shot up globally, according to the statement.

However, this fuel price hike in addition to a recent hike in natural gas price will have a domino effect on the entire economy.

On August 05, the government increased the prices of all fuel oils despite a gradual fall in the global energy prices in recent times.

As such, the prices of all the refined fuel oil products have been increased by 42.5-52 per cent. Diesel is the most-consumed fuel in Bangladesh, accounting for an estimated 73 per cent of the total fuel consumption.

For instance, 90 per cent of the transport sector is dependent on diesel, adds the statement. It calls for strictly following the government's austerity measures in case of consumption.

*talhabinhabib@yahoo.com*

THE BUSINESS STANDARD
MONDAY, 08 AUGUST 2022

# Fuel price hike to impact economy: Dhaka Chamber

ECONOMY – BANGLADESH

TBS REPORT

The gas price increase in June and the fuel oil price hike on Saturday will have an immediate negative impact on transportation, essential commodities, and electricity, said the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Sunday.

The government increased the price of all refined fuel oil products by 42.5% to 52% on Saturday, where the price of petrol and octane increased 51.1% and 51.7%, respectively.

Diesel is the most consumed fuel in the country, accounting for around 73% of the country's total fuel consumption. Around 90% of the transportation sector is dependent on diesel. Octane and petrol-powered vehicles will also have to bear the increased cost, said DCCI in a press statement, adding, "This will also increase domestic freight cost and will eventually lead to higher prices of essentials across the country."

The government has increased the price of all fuels despite the gradual fall in global energy prices in recent times, according to the DCCI.

The chamber feels that another major impact will be on the production cost of agricultural products as diesel is widely used for irrigation purposes.

"Recurring I SEE PAGE 6 COL 6

CONTINUED FROM PAGE 5

fuel and fertiliser price hikes will directly impact the production cost of agricultural products and gradually hamper food security and inflict further misery on public lives," said the chamber.

Manufacturing industries are already suffering due to electricity rationing as diesel and liquefied natural gas prices went high globally.

The chamber predicts a domino effect on the entire economy due to the price hike of fuel, in addition to the recent price hike of natural gas.

The cumulative impact of the price hike of fuel will cause inflationary pressure on the economy, raising the operating cost of all energy-dependent businesses and industries, the chamber warned.

It recommended austerity in consumption and reduction in fuel pricing as soon as it comes down in the international market given its negative impact on the economy, and said, "For ensuring long-term energy security, we need to frame out a long-term strategy as well as continue onshore and offshore gas exploration, assess energy mix and cost, and have more energy efficient electricity generation."

TRUE & IMPARTIAL
daily sun
MONDAY, 08 AUGUST 2022

Ensuring Energy Security

# Continue onshore, offshore gas explorations: DCCI

SPECIAL CORRESPONDENT

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) called upon the government to continue onshore and offshore natural gas exploration to ensure long term energy security.

The Chamber thinks that for ensuring a long term energy security, the country needs to work out a long term strategy as well as to continue onshore and offshore gas explorations.

DCCI also emphasised the need of duel energy, cost and energy-efficient electricity generation.

It added that austerity in consumption should be strictly followed.

DCCI recommended reducing the fuel price as soon as the international market price comes down considering the negative impacts of price hike on the economy.

Recently, the government increased the price of all fuels despite the gradual fall in the global energy prices in recent times.

The government increased the prices of all the refined fuel oil products by 42.5 to 52 percent on August 5, 2022.

After a long time of stagnant situation in the economy due to Covid-19 pandemic, the country has just started entering into an economic revival phase.

In the meantime, DCCI thinks that the recent increase of gas price in June 2022 and fuel price hike on 5 August, 2022 will have an immediate negative impact on transportation, essential commodities and electricity.

Diesel is the most consumed fuel in the country, accounting for around 73 percent of the country's total fuel consumption. For instance, 90 percent of the transportation sector is dependent on diesel.

Additionally, vehicles which are powered by octane and petrol will also have to bear the increased cost.

This will also cause spike in the domestic freight cost, eventually leading to high price of essentials across the country.

DCCI feels that another major impact will be on the cost of agricultural production as diesel is widely used in irrigation of land.

Recurring fuel and fertiliser price hikes will directly impact the production cost in agriculture and gradually hamper food security and bring further miseries to public life.

Manufacturing industries are already being suffered due to electricity rationing as diesel and LNG price went high globally.

However, this price hike of fuel in addition to the recent price hike of natural gas will have a domino effect on the entire economy, DCCI thinks.

The cumulative impact of price hike of fuel will cause inflationary pressure on the economy by pushing up the operating cost of all energy-dependent businesses and industries.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
MONDAY, 08 AUGUST 2022

# Fuel oil price hike to hurt economy: DCCI

**Staff Correspondent**

THE Dhaka Chamber of Commerce and Industry on Sunday said that the fuel oil price hike would have an immediate negative impact on the economy.

The trade body in a statement said that the recurring fuel and fertiliser price hikes would directly impact the production cost of agricultural products and would hamper food security and resulted in more miseries for people.

The government on Friday increased the prices of all refined fuel oil products by 42.5 to 52 per cent despite a gradual fall in the global energy prices in recent times, the DCCI said.

It suggested reducing the fuel oil prices as soon as those come down on the international market.

'After a long time of stagnant situation in the economy due to the Covid pandemic, the country has just started entering into an economic revival phase. The DCCI thinks that the increase in gas price in June 2022 and fuel oil prices on August 5 would have an immediate negative impact on transport, essential commodities and electricity,' the statement said.

It said that diesel was the most consumed fuel in the country, accounting for about 73 per cent of the country's total fuel consumption and the price hike of the item would increase the domestic freight costs and eventually would lead to the rise in cost of necessities in the country.

'The DCCI feels that another major impact will be on the production cost of agricultural products as diesel is widely used for irrigation purposes. Recurring fuel and fertiliser price hikes will directly impact the production cost of agricultural products and gradually hamper food security and further misery in public lives,' the statement read.

The trade body said that manufacturing industries had already been suffered due to electricity rationing as diesel and LNG prices went high globally.

However, this price hike of fuel in addition to the recent price hike of natural gas will have a domino effect on the entire economy, the DCCI said.

The chamber said that the cumulative impact of price hike of fuel oils would cause inflationary pressure on the economy by raising the operating cost of all energy dependent businesses and industries.

The DCCI recommended framing a long-term strategy as well as continuing onshore, offshore gas exploration, energy mix and cost and energy efficient electricity generation.

the daily observer
We stand for people's rights
MONDAY, 08 AUGUST 2022

# Fuel price hike to have negative impact on economy: DCCI

Business Correspondent

This increase of fuel oil prices will have a negative impact on the economy as a whole as well as the lifestyle of the vast people of the country. The diesel, kerosene, petrol and octane prices were in the domestic market from 42.5 per cent to 52 per cent at a time when oil prices were falling in world market.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) gave this opinion in a circular sent to the media on Sunday.

The circular said: "We are all aware that after the impact of the global Covid-19 pandemic subsided, our economy was witnessing a reflection of revival with a pick-up in business and investment. In this situation, the increase in the price of gas in June this year and the government's decision to suddenly increase the prices of diesel, kerosene, petrol and octane at a significant rate without any prior announcement on August 5 will increase the overall price inflation by increasing the price of daily necessities and increasing the cost in the transport sector. This will bring down suffering in the life of common people."

It said due to the abnormal increase in the price of energy in the international market, the production of electricity based on imported energy is being disrupted. Due to which the domestic industries are not able to continue the normal production process due to lack of necessary electricity. Which may affect the export trade.

"Especially the increase in the price of diesel at an abnormal rate and the recent decision to increase the price of urea fertilizer by about Tk 6 per kg will put pressure on our agriculture sector. However, this sector makes an important contribution to our GDP and creates maximum employment opportunities at the marginal level."

According to DCCI, the increase in fuel prices will further increase the cost of production and transportation of our products in the industry. This will increase the cost of business and the price of goods may also increase. As a result, Bangladesh will fall further behind in global trade competition and local and foreign investment will be discouraged.

The New Nation
Independent Daily

# Economy to bear the burnt of fuel price hike: DCCI

**Staff Reporter**

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Sunday said that hiking of gas price in June and increasing the fuel price on Saturday will have an immediate adverse impact on electricity, transportation and essential commodities.

The DCCI referred the government's Saturday decision of raising the price of diesel and kerosene by 42.5 per cent and petrol and octane by 51.1 per cent and 51.7 per cent respectively.

Diesel is the most-consumed fuel in Bangladesh, accounting for 73 per cent of the country's total fuel consumption. More than 90 per cent of the transportation sector is dependent on diesel.

Additionally, vehicles that are powered by octane and petrol will also have to bear an increased cost, said the chamber in a press release.

"This will also push up the domestic freight costs and eventually will lead to higher prices of essentials across the country."

The government increased the price of all fuels despite the gradual fall in global energy prices in recent times, according to the DCCI.

The chamber feels that another major impact will be on the production cost of agricultural products as diesel is widely used for irrigation purposes.

"Recurring fuel and fertilizer price hikes will directly impact the production cost of agricultural products and gradually hamper food security and inflict further misery on public lives."

Manufacturing industries are already suffering due to electricity rationing as diesel and liquefied natural gas prices went high globally.

"However, this price hike of fuel, in addition to the recent price hike of natural gas, will have a domino effect on the entire economy," said the DCCI.

The cumulative impact of the price hike of fuel will cause inflationary pressure on the economy by raising the operating cost of all energy-dependent businesses and industries, the chamber warned.

It recommended austerity in consumption and reduction in the fuel price as soon as it comes down in the international market considering its negative impact on the economy.

On Thursday, oil prices dropped to their lowest levels since Russia's invasion of Ukraine in February this year as the possibility of an economic recession globally is growing.

প্রথম আলো
সোমবার, ০৮ আগস্ট ২০২২

ডিসিসিআইয়ের বিবৃতি

# জ্বালানির মূল্যবৃদ্ধিতে দুর্ভোগ নেমে আসবে

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

জ্বালানির দাম বাড়ানোর ফলে মূল্যস্ফীতি আরও বাড়বে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সংগঠনটি বলছে, করোনার প্রভাব কমায় ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে বেশ গতি এসেছিল। অর্থনীতিও চাঙা হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুনে গ্যাস এবং এই মাসে অন্য চারটি জ্বালানির মূল্যবৃদ্ধির সার্বিক প্রভাব অর্থনীতিতে পড়বে। মূল্যস্ফীতি আরও বৃদ্ধি পাবে। ফলে সাধারণ মানুষের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে।

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ক্রমেই কমছে। তা সত্ত্বেও সরকার গত শুক্রবার এক ঘোষণায় ডিজেল, পেট্রল ও অকটেনের দাম ৪২ থেকে ৫২ শতাংশ পর্যন্ত বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির কারণে দেশের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়বে বলে উদ্বেগ জানিয়েছে ডিসিসিআই। বলেছে, জ্বালানির দাম অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ায় কৃষিতে চাপ পড়বে, শিল্পপণ্য উৎপাদন ও পরিবহন খরচ বাড়বে আর মূল্যস্ফীতি বৃদ্ধিতে ভুক্তভোগী হবে সাধারণ মানুষ। আজ রোববার এক সংবাদ বিবৃতিতে সংগঠনটি এসব কথা জানিয়েছে।

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
সোমবার, ০৮ আগস্ট ২০২২

## জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রতিক্রিয়ায় ঢাকা চেম্বার

# দেশি-বিদেশি বিনিয়োগ নিরুৎসাহিত হবে

■ সমকাল প্রতিবেদক

দেশের অর্থনীতিতে জ্বালানি তেলের দাম বৃদ্ধির নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সংগঠনটির মতে, এই সিদ্ধান্তের ফলে মূল্যস্ফীতি আরও বাড়বে। দুর্ভোগ নেমে আসবে মানুষের জীবনযাত্রায়। ক্ষতিগ্রস্ত হবে শিল্প ও কৃষি খাত। ব্যবসা-বাণিজ্যের ব্যয় বাড়বে। নিরুৎসাহিত হবে দেশি-বিদেশি বিনিয়োগ। প্রভাব পড়তে পারে রপ্তানিতেও। আন্তর্জাতিক বাণিজ্যের প্রতিযোগিতায় পিছিয়ে পড়বে বাংলাদেশ।

গতকাল রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব পর্যবেক্ষণ তুলে ধরা হয়েছে। এতে বলা হয়, বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ক্রমান্বয়ে কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার গত ৫ আগস্ট ডিজেল, পেট্রোল এবং অকটেনের দাম ৪২.৫ থেকে ৫২ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে, যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে দেশের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে।

ডিসিসিআই বলেছে, বিশ্বব্যাপী কভিড অতিমারির প্রভাব কমে আসার পর ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে দেশের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বাড়ানোর এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য ও পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দেবে। যার ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এ ছাড়া আন্তর্জাতিক বাজারে জ্বালানি অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানি করা জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে, যার কারণে আমাদের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। এর প্রভাব রপ্তানি বাণিজ্যে পড়তে পারে।

ঢাকা চেম্বারের মতে, অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধির পাশাপাশি সম্প্রতি ইউরিয়া সারের দাম কেজিপ্রতি প্রায় ছয় টাকা বৃদ্ধি দেশের কৃষি খাতকে চাপে ফেলবে। এ খাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়া জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্প খাতে পণ্য উৎপাদন ও পরিবহন খরচকে আরও বাড়িয়ে দেবে। যার ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে। পণ্যের মূল্যও বৃদ্ধি পেতে পারে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরও পিছিয়ে পড়বে। নিরুৎসাহিত হবে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ।

সমকাল

বণিক বার্তা
সোমবার, ০৮ আগস্ট ২০২২ সমৃদ্ধির সহযাত্রী

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে : ডিসিসিআই

নিজস্ব প্রতিবেদক ■

বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য ক্রমান্বয়ে কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার তেলের (ডিজেল, পেট্রল ও অকটেন) দাম ৪২ দশমিক ৫ থেকে ৫২ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্ত দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

ডিসিসিআই বলছে, বিশ্বব্যাপী কভিড-১৯ মহামারীর প্রভাব কমে আসার পর ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হয়েছে। আমাদের অর্থনীতিতেও পুনরুজ্জীবনের একটি প্রতিফলন দেখা যাচ্ছে। এ অবস্থায় চলতি বছরের জুনে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরো বাড়িয়ে তুলবে। ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়া আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানীকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলে আমাদের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। এর প্রভাব রফতানি বাণিজ্যে পড়তে পারে।

সংগঠনটির নেতারা বলছেন, অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি প্রায় ৬ টাকা বৃদ্ধি আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে। এ খাত আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়াও জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্প খাতে আমাদের পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরো বাড়িয়ে দেবে। ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, বাড়বে সব ধরনের পণ্যের দাম। বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরো পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে। দেশের দীর্ঘমেয়াদি

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনো বিকল্প নেই। আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমে এলে এর সঙ্গে সংগতি রেখে শিগগিরই স্থানীয় বাজারে জ্বালানির মূল্য কমানোর জন্য সরকারের প্রতি দাবি জানায় ডিসিসিআই।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে

## ................... ঢাকা চেম্বার

■ ইত্তেফাক রিপোর্ট

বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য ক্রমান্বয়ে কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার বিগত ৫ আগস্ট জ্বালানি তেল, ডিজেল, পেট্রোল এবং অকটেনের মূল্য ৪২ দশমিক ৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বৃদ্ধি করেছে। এর ফলে সাধারণ জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

এক প্রতিক্রিয়ায় চেম্বারের পক্ষ থেকে বলা হয়েছে, বিশ্বব্যাপী কোভিড মহামারির প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এমতাবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট, ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরো বাড়িয়ে দিবে, যার ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে।

এছাড়াও আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। যার কারণে আমাদের শিল্পখাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। যার প্রভাব রপ্তানি বাণিজ্যে পড়তে পারে।

বিশেষ করে, অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি ৬ টাকা বৃদ্ধি আমাদের কৃষিখাতকে চাপে ফেলবে, যদিও এখাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়াও জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্পখাতে আমাদের পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরো বাড়িয়ে দিবে, যার ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্য বৃদ্ধি পেতে পারে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরো পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে বলে মনে করে ঢাকা চেম্বার। সার্বিক অবস্থা বিবেচনায়, ঢাকা চেম্বার মনে করে, দেশের দীর্ঘ মেয়াদে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনো বিকল্প নেই।

এছাড়াও, এনার্জি মিক্স, জ্বালানি ব্যবহারে অপচয় হ্রাস ও কস্ট অ্যান্ড এনার্জি এফিশিয়েন্ট বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা একান্ত জরুরি। সেই সঙ্গে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে কৃচ্ছ তাসাধনে আরো কঠোর তদারকি, আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমে এলে তার সঙ্গে সঙ্গতি রেখে দ্রুতই স্থানীয় বাজারে জ্বালানির মূল্য হ্রাসের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

প্রকাশনার ৬ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে : ডিসিসিআই

অর্থনৈতিক বার্তা পরিবেশক

বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য ক্রমান্বয়ে কিছুটা কমে আসা স্বত্ত্বেও সরকার গত শুক্রবার থেকে জ্বালানি তেলের (ডিজেল, পেট্রল এবং অকটেন) মূল্য ৪২.৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায় সংগঠনটি।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'আমরা সবাই অবগত আছি যে, বিশ্বব্যাপী কোভিড মহামারীর প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এমতাবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট, ২০২২ তারিখে ডিজেল, কেরোসিন, পেট্রল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারের বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দিবে, যার ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়া আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানি-নির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে যার কারণে আমাদের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না যার প্রভাব রপ্তানি বাণিজ্যে পড়তে পারে।'

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
সোমবার, ০৮ আগস্ট ২০২২

ডিসিসিআইয়ের অভিমত

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

**কাগজ প্রতিবেদক :** বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ক্রমান্বয়ে কিছুটা কমে এলেও সরকার দেশের বাজারে ডিজেল, কেরোসিন, পেট্রল ও অকটেনের দাম ৪২ দশমিক ৫ শতাংশ থেকে ৫২ শতাংশ পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। জ্বালানি তেলের এ মূল্যবৃদ্ধি দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে। গতকাল রবিবার গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ অভিমত দিয়েছে ঢাকার ব্যবসায়ীদের সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এতে বলা হয়েছে, আমরা সবাই অবগত আছি যে, বিশ্বব্যাপী কোভিড মহামারির প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট কোনো ধরনের পূর্ব ঘোষণা ছাড়াই হঠাৎ করে ডিজেল, কেরোসিন, পেট্রল ও অকটেনের দাম উল্লেখযোগ্য হারের বাড়ানোর সরকারি সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতি আরো বাড়িয়ে দেবে। এতে সাধারণ মানুষের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। যে কারণে দেশীয় শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। যার প্রভাব পড়তে পারে রপ্তানি বাণিজ্যে।

বিশেষত অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের দাম কেজিপ্রতি প্রায় ৬ টাকা বাড়ানোর সিদ্ধান্ত আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে। অথচ এ খাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে।

ডিসিসিআই বলছে, জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্প খাতে আমাদের পণ্য উৎপাদন ও পরিবহন খরচ আরো বাড়িয়ে দেবে। এতে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের দামও বাড়তে পারে। ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরো পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে। চলমান সার্বিক অবস্থা বিবেচনায় ঢাকা চেম্বার মনে করছে, দেশে দীর্ঘমেয়াদে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনো বিকল্প নেই। একইসঙ্গে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এনার্জি মিক্স, জ্বালানি ব্যবহারে অপচয় হ্রাস এবং কস্ট এন্ড এনার্জি অ্যাফিসিয়েন্ট বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা একান্ত জরুরি। একইসঙ্গে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে কৃচ্ছ্রতা সাধনে আরো কঠোর তদারকি প্রয়োজন। আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম কমলে তার সঙ্গে মিল রেখে দ্রুত দেশের বাজারেও জ্বালানির মূল্যহ্রাসের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

গত শুক্রবার (৫ আগস্ট) দিনগত রাত ১২টার পর ডিজেল, পেট্রোল, কেরোসিন ও অকটেনের দাম বাড়িয়েছে সরকার। লিটারপ্রতি ডিজেলে ৩৪ টাকা, কেরোসিনে ৩৪ টাকা, অকটেনে ৪৬ টাকা ও পেট্রোলের দাম বাড়ানো হয় ৪৪ টাকা।

ভোক্তাপর্যায়ে আগে খুচরামূল্য ছিল প্রতি লিটার ডিজেল ৮০ টাকা, কেরোসিন ৮০ টাকা, অকটেন ৮৯ টাকা ও পেট্রোল ৮৬ টাকা। দাম বাড়ার পর প্রতি লিটার ডিজেল ১১৪ টাকা, কেরোসিন ১১৪ টাকা, অকটেন ১৩৫ টাকা ও পেট্রোল ১৩০ টাকা হয়েছে।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
সোমবার, ০৮ আগস্ট ২০২২

## জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রতিক্রিয়ায় ঢাকা চেম্বার

# বিনিয়োগ কমবে, নেতিবাচক প্রভাব পড়বে অর্থনীতিতে

অর্থনৈতিক রিপোর্টার

জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্পখাতে পণ্য উৎপাদন ও পরিবহন খরচ আরও বাড়িয়ে দেবে। এতে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্য বাড়বে। এর ফলে বৈশ্বিক প্রতিযোগিতায় বাংলাদেশ আরও পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে। সার্বিকভাবে দেশের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়বে। এমনটাই মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল রোববার এক বিবৃতিতে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে নিজেদের প্রতিক্রিয়া জানায় ঢাকা চেম্বার।

বিবৃতিতে চেম্বার জানায়, বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কমে আসা সত্ত্বেও সরকার গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের দাম ৪২ দশমিক ৫ শতাংশ থেকে ৫২ শতাংশ পর্যন্ত বাড়িয়েছে। যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে।

ঢাকার ব্যবসায়ীদের সংগঠনটি বলছে, বিশ্বব্যাপী কোভিড মহামারির প্রভাব কমে আসার পর ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি ছবি পরিলক্ষিত হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরো বাড়িয়ে দেবে। যার ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক
জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে ॥ ঢাকা চেম্বার

**অর্থনৈতিক রিপোর্টার** ॥ বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার গত শুক্রবার জ্বালানি তেলের মূল্য ৪২.৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে, যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। রবিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিশ্বব্যাপী কোভিড মহামারীর প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতিসঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এমতাবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্য বৃদ্ধি এবং গত শুক্রবার (৫ আগস্ট) ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দেবে, যার ফলে জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়াও আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুত উৎপাদন ব্যাহত হচ্ছে, যার কারণে আমাদের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। এর প্রভাব রফতানি বাণিজ্যে পড়তে পারে।

বিশেষ করে অস্বাভাবিক হারে ডিজেলের মূল্য বৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি প্রায় ৬ টাকা বৃদ্ধি আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে, যদিও এ খাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে।

দেশ রূপান্তর
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# দীর্ঘমেয়াদি জ্বালানি নীতি চায় ডিসিসিআই

নিজস্ব প্রতিবেদক

**আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমলে দেশের বাজারে কমানোর আহ্বান**

জ্বালানি তেলের দাম বাড়ানোর কারণে সার্বিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম কমে এলে তার সঙ্গে সংগতি রেখে দ্রুতই স্থানীয় বাজারে জ্বালানির দাম কমানোর জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে এ বাণিজ্য সংগঠনটি। দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের দাবি জানিয়েছে তারা। গতকাল রবিবার সংবাদ মাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানায় ডিসিসিআই।

ডিসিসিআই বলছে, বিশ্ব বাজারে জ্বালানি তেলের দাম ক্রমান্বয়ে কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার ৫ আগস্ট জ্বালানি তেলের (ডিজেল, পেট্রোল ও অকটেন) দাম ৪২ দশমিক ৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্ত দেশের মানুষের জীবনযাত্রার পাশাপাশি সার্বিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে। সংগঠনটি বলছে, বিশ্বব্যাপী কভিড মহামারীর প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে দেশের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারের বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যেবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দেবে। ফলে সাধারণ মানুষের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়াও আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। যার কারণে দেশের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। এর প্রভাব রপ্তানিবাণিজ্যে পড়তে পারে। বিশেষ করে অস্বাভাবিক হারে ডিজেলের দাম বাড়ানো এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি প্রায় ৬ টাকা বৃদ্ধি আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে। এ খাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়াও জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্প খাতে পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরও বাড়িয়ে দেবে, যার ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্যবৃদ্ধি পেতে পারে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরও পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে।

ঢাকা চেম্বার মনে করে, দেশের দীর্ঘমেয়াদে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনো বিকল্প নেই। এছাড়া এনার্জি মিক্স, জ্বালানি ব্যবহারে অপচয় কমানো ও কস্ট অ্যান্ড এনার্জি এফিশিয়েন্ট বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা একান্ত জরুরি। সেই সঙ্গে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে কৃচ্ছ্রসাধনে আরও কঠোর তদারকি, আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমে এলে তার সঙ্গে সংগতি রেখে দ্রুতই স্থানীয় বাজারে জ্বালানির দাম কমানোর জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

দেশের কল্যাণে প্রতিদিন
ভোরের পাতা
The Daily Vorer Pata
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# জ্বালানি তেলের নেতিবাচক প্রভাব পড়বে অর্থনীতিতে

## বলছে ঢাকা চেম্বার

নিজস্ব প্রতিবেদক

জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্পখাতে পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরো বাড়িয়ে দেবে, এতে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্য বাড়াবে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরো পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে। এসব কারণে দেশের জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল রোববার জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি নিয়ে বিবৃতিতে ঢাকা চেম্বার জানায়, বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য ক্রমান্বয়ে কিছুটা কমে আসা স্বত্বেও সরকার গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল এবং অকটেনের দাম ৪২.৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বাড়িয়েছে। যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে। ব্যবসায়ীদের সংগঠনটি বলছে, বিশ্বব্যাপী কোভিড মহামারির প্রভাব কমে আসার পর ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এ অবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্য বৃদ্ধি এবং গত ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরো বাড়িয়ে দেবে। যার ফলে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়াও আন্তর্জাতিক বাজারে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৪

জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানি করা জ্বালানি নির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যহত হচ্ছে, যে কারণে আমাদের শিল্পখাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না, যার প্রভাব রপ্তানি বাণিজ্যে পড়তে পারে। বিশেষ করে, অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজি প্রতি প্রায় ৬ টাকা বাড়ায় কৃষিখাতকে চাপে ফেলবে, যদিও এখাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়াও জ্বালানির দাম বাড়ায় শিল্পখাতে আমাদের পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরো বাড়িয়ে দেবে, যার ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্য বাড়তে পারে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরো পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে। সার্বিক অবস্থা বিবেচনায় ঢাকা চেম্বার মনে করে, দেশের দীর্ঘমেয়াদে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনো বিকল্প নেই। এছাড়াও এনার্জি মিক্স, জ্বালানি ব্যবহারে অপচয় হ্রাস ও কস্ট অ্যান্ড এনার্জি এফিশিয়েন্ট বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা একান্ত জরুরি। সেই সঙ্গে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে কৃচ্ছতা সাধনে আরো কঠোর তদারকি, আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমে এলে তার সঙ্গে সঙ্গতি রেখে দ্রুতই স্থানীয় বাজারে জ্বালানির মূল্য কমাতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
সোমবার, ০৮ আগস্ট ২০২২

# জ্বালানির দাম বৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে

**নিজস্ব প্রতিবেদক** ●

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ক্রমান্বয়ে কিছুটা কমে আসার পরও সরকার (৫ আগস্ট) ডিজেল, পেট্রল ও অকটেনের মূল্য সাড়ে ৪২ শতাংশ থেকে ৫২ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে, যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

## সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআই

গতকাল রবিবার ডিসিসিআই থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়।

ডিসিসিআইয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্বব্যাপী কোভিড মহামারীর প্রভাব কমে আসার পর, ব্যবসাবাণিজ্য ও বিনিয়োগে গতির সঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এমতাবস্থায় চলতি বছরের জুনে গ্যাসের মূল্যবৃদ্ধি এবং ৫ আগস্ট ডিজেল, কেরোসিন, পেট্রল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

(তৃতীয় পৃষ্ঠার পর) মূল্যবৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দেবে। এতে করে সাধারণ জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এ ছাড়া আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে। শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না, যার প্রভাব রপ্তানিবাণিজ্যে পড়তে পারে। বিজ্ঞপ্তিতে বলা হয়, অস্বাভাবিক হারে ডিজেলের মূল্যবৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি প্রায় ছয় টাকা বৃদ্ধি আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে। কৃষি খাত জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। এ ছাড়া জ্বালানির মূল্যবৃদ্ধি শিল্প খাতে আমাদের পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরও বাড়িয়ে দেবে। পাশাপাশি ব্যবসাবাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্যও বৃদ্ধি পেতে পারে। ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরও পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে।

বাংলা ট্রিবিউন

# জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে: ঢাকা চেম্বার

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০৭ আগস্ট ২০২২, ১৮:২৫

বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কিছুটা কমে আসা সত্ত্বেও সরকার গত শুক্রবার জ্বালানি তেলের মূল্য ৪২.৫ শতাংশ থেকে ৫২ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে, যা দেশের আপামর জনগণের জীবনযাত্রার পাশাপাশি সার্বিকভাবে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

রবিবার (৭ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিশ্বব্যাপী কোভিড মহামারির প্রভাব কমে আসার পর, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগে গতিসঞ্চার হওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতিতে পুনরুজ্জীবনের একটি প্রতিফলন পরিলক্ষিত হচ্ছিল। এমতাবস্থায় চলতি বছরের জুন মাসে গ্যাসের মূল্য বৃদ্ধি এবং গত শুক্রবার (৫ আগস্ট) ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের মূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধির এ সিদ্ধান্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি, পরিবহন খাতে খরচ বৃদ্ধির মাধ্যমে সার্বিকভাবে মূল্যস্ফীতিকে আরও বাড়িয়ে দিবে, যার ফলে জনগণের জীবনযাত্রায় দুর্ভোগ নেমে আসবে। এছাড়াও আন্তর্জাতিক বাজারে জ্বালানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে আমদানিকৃত জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হচ্ছে, যার কারণে আমাদের শিল্প খাত প্রয়োজনীয় বিদ্যুতের অভাবে স্বাভাবিক উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখতে পারছে না। এর প্রভাব রফতানি বাণিজ্যে পড়তে পারে।

বিশেষ করে অস্বাভাবিক হারে ডিজেলের মূল্য বৃদ্ধি এবং সম্প্রতি ইউরিয়া সারের মূল্য কেজিপ্রতি প্রায় ৬ টাকা বৃদ্ধি আমাদের কৃষি খাতকে চাপে ফেলবে, যদিও এ খাতটি আমাদের জিডিপিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি প্রান্তিক পর্যায়ে সর্বোচ্চ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে থাকে। তাছাড়াও জ্বালানির মূল্য বৃদ্ধি শিল্প খাতে আমাদের পণ্য উৎপাদন ও পণ্য পরিবহন খরচকে আরও বাড়িয়ে দিবে, যার ফলে ব্যবসা-বাণিজ্যে ব্যয় বাড়বে, পণ্যের মূল্য বৃদ্ধি পেতে পারে। এর ফলে বৈশ্বিক বাণিজ্য প্রতিযোগিতায় বাংলাদেশ আরও পিছিয়ে পড়বে এবং স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ নিরুৎসাহিত হবে।

সার্বিক অবস্থা বিবেচনায় ঢাকা চেম্বার মনে করে, দেশে দীর্ঘমেয়াদে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে একটি দীর্ঘমেয়াদি জ্বালানি নীতিমালা প্রণয়নের পাশাপাশি স্থানীয়ভাবে গ্যাস উত্তোলন কার্যক্রম সম্প্রসারণের কোনও বিকল্প নেই। এছাড়াও, এনার্জি মিক্স জ্বালানি ব্যবহারে অপচয় হ্রাস ও কস্ট অ্যান্ড এনার্জি এফিশিয়েন্ট বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনা একান্ত জরুরি। সেই সাথে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে কৃচ্ছ্রসাধনে আরও কঠোর তদারকি, আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্য কমে এলে তার সাথে সঙ্গতি রেখে দ্রুতই স্থানীয় বাজারে জ্বালানির মূল্য হ্রাসের জন্য সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে ডিসিসিআই।